# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**15 OCTOBER 2025 7:45—7:55 PM**

---

১) জুবিন গার্গের মৃত্যুর মামলায় পাঁচজন অভিযুক্তকে আজ  কারাগারে নিয়ে যাবার সময় উদ্ভুত পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য বাক্সা জেলায় বিকেল থেকে সান্ধ্য আইন জারী এবং  মোবাইল ইন্টারনেট সেবা বন্ধ ।

২) জুবিন গার্গের মৃত্যু সম্পর্কে নতুন দিল্লীতে সিংগাপুরের হাইকমিশনারের সঙ্গে মূখ্যমন্ত্রীর বৈঠক ।

৩) এ ডি আর ইর চতুর্থ শ্রেণীর পদসমূহের  ফলাফল ঘোষণা ।

এবং

৪) আসাম বিধানসভার  বিভিন্ন উন্নয়ন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটির আগামীকাল শ্রীভূমি জেলা সফর ।

-----------------------------------------------------------------------------------

জুবিন গার্গের মৃত্যুর ঘটনায় অভিযুক্ত শ্যামকানু  মহন্ত , সিদ্ধার্থ শর্মা , সন্দীপন গার্গ , পরেশ  বৈশ্য ও নন্দেশ্বর বরাকে আজ বিচারপতির জিম্মায় প্রেরন করা হয় । মেয়াদ শেষ হবার পর এসআইটি পাঁচজন অভিযুক্তকে আজ জোরদার নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে বাক্সা জেলার নিকাসির নবনির্মিত কারাগারে নিয়ে যাওয়ার সময় উদ্ভুত পরিস্থিতি নিয়ন্ত্রনের জন্য সমগ্র জেলায় বিকেল থেকে সান্ধ্য আইন জারি করা হয়েছে এবং সন্ধ্যা থেকে জেলায় মোবাইল ইন্টারনেট সেবা বন্ধ করে দেওয়া হয়েছে  । উল্লেখ্য আমাদের বাক্সা জেলার সংবাদদাতা জানিয়েছেন যে কারাগারে অভিযুক্তদের নিয়ে যাবার সময় আজ স্থানীয় লোকেরা উত্তপ্ত পরিস্থিতির সৃষ্টি করলে পুলিশ শূন্যে গুলিচালনা করে এবং একজন লোক গুলীবদ্ধ হয় ।প্রতিবাদকারীদের আক্রমনে মহিলা পুলিশ সহ বেশ

কয়েকজন জোয়ান ও সাংবাদিক আহত হয়েছেন । গৌহাটী থেকে গৃহ বিভাগের শীর্ষ আধিকারিকদের একটি দল ঘটনাস্থলে উদ্দেশ্যে পৌঁছেছেন। এদিকে জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে আজ এস আই টি পুনরায় তিনজন প্রবাসী অসমীয়া সুস্মিতা গোস্বামী , প্রীতম ভূইয়া ও দেবজ্যোতি হাজারিকার ভাষ্য গ্রহণ করে । এস আই টি তিনজন প্রবাসী অসমীয়াকে সি আই ডি কার্যালয়ে জিজ্ঞাসাবাদ করে । এসম্পর্কে এস আই টির প্রধান তথা বিশেষ সঞ্চালক প্রধান মুন্না প্রসাদ গুপ্তা সংবাদ মাধ্যমের কাছে বলেন যে জুবিন গার্গের মৃতুর ঘটনা সম্পর্কে এপর্যন্ত ১১ জন প্রবাসী অসমীয়া সি আই ডি কার্যালয়ে সাক্ষ্য প্রদান করেছে ।এই ঘটনার তদন্তের জন্য ভারতীয় হাইকমিশনারের মাধ্যমে সিংগাপুর কতৃপক্ষ থেকে ই - মেইল পেয়েছেন বলে জানিয়ে বিশেষ সঞ্চালক প্রধান বলেন যে সিংগাপুর কতৃপক্ষ কোন কোন বিষয়ে তদন্ত করা হবে সে বিষয়ে জানতে চেয়েছে । সিংগাপুর কর্তৃপক্ষ থেকে শীঘ্র সবুজ সংকেত পাওয়া যাবে বলে শ্রী গুপ্তা আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে, জুবিন গার্গের মৃত্যুর তদন্ত সম্পর্কে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ নতুনদিল্লীর আসাম ভবনে সিংগাপুরের হাইকমিশনারের সংগে এক বৈঠকে মিলিত হন । বৈঠকের পর ড: শর্মা সাংবাদিকদের সিংগাপুরের পুলিশ শীঘ্র তদন্তের তথ্য প্রকাশ করবে বলে জানিয়েছেন । সিংগাপুরের পুলিশ অনুমতি দিলে তদন্তের জন্য এস আই টির দল অতি শীঘ্র সিংগাপুরে যাবে বলে মুখ্যমন্ত্রী জানান । জুবিন গার্গের মৃত্যুর তদন্ত জোর কদমে চলছে বলে উল্লেখ করে তিনি আসামবাসীকে ধৈর্য ধরতে ও সরকার তথা আদালতের ওপর আস্থা রাখতে আহ্বান জানান ।মুখ্যমন্ত্রী বলেন ---

বাইট

---------------------------------------------------------------------------------------

এডিআরই-র চতুর্থশ্রেণীর পদগুলির ফলাফল আজ ঘোষনা করা হয়েছে । সংশ্লিষ্ট ওয়েবসাইটে আজ ফলাফলগুলি প্রকাশ করা হয় । এদিকে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ থেকে ১৭ অক্টোবরের মধ্যে স্নাতকোত্তর শিক্ষকের পদগুলির ফলাফল ঘোষনা করা হবে বলে জানিয়েছেন । তিনি চলতি মাসের মধ্যে ৩৫ হাজার যুবক যুবতী সরকারী চাকুরী পেয়েছে বলে উল্লেখ করেন । রাজ্য সরকার আগামী পাঁচবছরে দুই লক্ষের ও বেশী যুবক যুবতীকে নিযুক্তি দেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী জানান । আগামী মাসে পুলিশের আরো বেশ কিছু পদে নিযুক্তির ব্যবস্থা করা হবে বলে তিনি জানান ।

-----------------------------------------------------------------------------------------

সমগ্র দেশ ড. এপিজে আব্দুল কালামের জন্মবার্ষিকী উপলক্ষ্যে আজ প্রাক্তন রাষ্ট্রপতিকে শ্রদ্ধার স্মরণ করেছে । এ উপলক্ষ্যে উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারত রত্ন সম্মানে ভূষিত বিখ্যাত বিজ্ঞানী ও প্রাক্তন রাষ্ট্রপতির প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন । উপরাষ্ট্রপতি শ্রী রাধাকৃষ্ণণ সামাজিক মাধ্যমে এক বার্তায় ড.কালামকে ভবিষ্যতদর্শী বিজ্ঞানী , প্রেরণাদায়ক নেতা ও প্রকৃত দেশপ্রেমিক বলে অভিহিত করেন । তিনি বলেন যে বিনম্রতা , করুণা ও শিক্ষার্থীর সঙ্গে নিয়মিত বার্তালাপ তাঁকে বিভিন্ন প্রজন্মের মধ্যে প্রিয় নেতা করে তুলেছিলো । ড.কালাম নিজের শব্দ ও কাজের মাধ্যমে যুবা প্রজন্মকে বৃহৎ চিন্তা ও কঠোর পরিশ্রম করতে প্রেরণা যুগিয়েছিলেন বলেও তিনি মন্তব্য করেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর বার্তায় বলেন যে ড.কালাম একজন দূরদর্শী ব্যাক্তি ছিলেন এবং তিনি যুবক যুবতী ও দেশকে বড় স্বপ্ন দেখতে প্রেরণা যুগিয়েছিলেন । তাঁর জীবন জনসাধারণকে সফলতার জন্য যে বিনম্রতা ও কঠোর পরিশ্রমের প্রয়োজন সে কথা স্মরণ করিয়ে দেয় বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন । শ্রী মোদী বলেন যে তিনি ড. কালামের স্বপ্নের শক্তিশালী ও আত্মনির্ভর ভারত নির্মাণের জন্য কাজ করে যাবেন ।

-----------------------------------------------------------------------------------------

ভারতকে ২০২৬ থেকে ২০২৮ সাল পর্যন্ত রাষ্ট্রসংঘের মানব অধিকার পরিষদের তিনবছরের কার্যকালের জন্য বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত করা হয়েছে । এনিয়ে ভারত সপ্তমবারের মতো বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়েছে । রাষ্ট্রসংঘের সাধারণ সভায় গতকাল ভারত মানব অধিকার পরিষদে নির্বাচিত হবার পর স্থায়ী প্রতিনিধি পি হরিশ বলেন যে এই নির্বাচন মানব অধিকার ও মৌলিক অধিকারের প্রতি ভারতের অভূতপূর্ব প্রতিশ্রুতিবদ্ধতার কথাকে দর্শায় ।শ্রী হরিশ সামাজিক মাধ্যমে বলেন যে ভারত নিজের কার্যকালে এই উদ্দেশ্যের জন্য সবধরণের চেষ্টা চালাবে । সেইসঙ্গে তিনি ভারতকে সমর্থন জানানোর জন্য প্রতিনিধিদের ধন্যবাদ জ্ঞাপন করেন । ৪৭ সদস্যদের মানব অধিকার পরিষদ রাষ্ট্রসংঘের একটি অন্যতম বিশেষ দল । এই দলটি বিশ্বে মানব অধিকারের সংরক্ষণের স্বার্থে কাজ করে । সাধারণ সভা ২০০৬ সালে এই পরিষদ গঠন করেছিলো । সেই সময় ভারত প্রথম কার্যকালের জন্য নির্বাচিত হয়েছিলো ।

-----------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার বিভিন্ন উন্নয়ন বিভাগ সংক্রান্ত সাত সদস্যের স্ট্যান্ডিং কমিটি আগামীকাল শ্রীভূমি জেলা সফর করবেন । বিধায়ক গোবিন্দ চন্দ্র বসুমাতারীর নেতৃত্বে আসা কমিটির সদস্যরা সকাল দশটায় শ্রীভূমি পৌছে জেলার উন্নয়ন মূলক প্রকল্পগুলি

খতিয়ে দেখবেন এবং বিকাল পাঁচটায় জেলা প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে পর্য্যালোচনা বৈঠকে মিলিত হবেন । পরে কমিটির সদস্যরা শিলচর ফিরে আসবেন ।

এদিকে আসাম বিধানসভার উন্নয়ন বিভাগ সংক্রান্ত ডির্পাটমেন্টালি রিলেটেড স্টেন্ডিং কমিটি আগামী শুক্রবার হাইলাকান্দি জেলা সফর করবেন । বিধায়ক শ্রী বসুমাতারীর নেতৃত্বে আসা কমিটির সদস্যরা সকাল দশটায় হাইলাকান্দি পৌছে উন্নয়নমূলক কর্মসূচী সরোজমিনে পরিদর্শন করে সন্ধ্যা পাঁচটায় জেলা প্রশাসনের সঙ্গে এক বৈঠকে মিলিত হবেন । এরপর কমিটির সদস্যরা শিলচর ফিরে আসবেন । কমিটির অন্যান্য সদস্যরা হচ্ছেন- অজয় কুমার রাই , দিগন্ত বর্মন , দীপায়ন চক্রবর্তী , মিসবাহুল ইসলাম লস্কর , সুজাম উদ্দিন লস্কর , শিবু মিশ্র এবং নিজানুর রহমান ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার বিধানসভা ভিত্তিক মেগা স্বাস্থ্য শিবির আজ আলগাপুরের বড়নগদ গার্লস উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়েছে । জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত স্বাস্থ্য শিবিরে জেলার শূন্য থেকে ১৮ বছর বয়সের শিশু, কিশোর-কিশোরীদের বিভিন্ন শারিরীক সমস্যা সনাক্ত করে চিকিৎসা প্রদান করা হয়েছে এবং বিশেষ ক্ষেত্রে উন্নত চিকিৎসার জন্য শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে । স্বাস্থ্য শিবিরে মোট ২৮টি বর্হি বিভাগে প্রায় ১৫শ রোগীর চিকিৎসা করে পাঁচশ জনকে উন্নত চিকিৎসার জন্য রেফারেল করা হয়েছে । উদ্বোধনী অনুষ্ঠানে বিধায়ক নিজাম উদ্দিন চৌধুরীও উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

এদিকে ডিমা হাসাও জেলার বিধানসভা ভিত্তিক মেগা স্বাস্থ্য শিবির আজ হাফলং-এর এন এল দা ওলাগপু র্স্পোটস কমপ্লেক্সে অনুষ্ঠিত হয়েছে । জেলার স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আয়োজিত এই মেগা স্বাস্থ্য শিবিরে শূন্য থেকে ১৮ বছর বয়সের প্রায় এক হাজার শিশু ও কিশোর-কিশোরীর স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে যার মধ্যে ৬০ জনকে উন্নত চিকিৎসার জন্য গৌহাটী ও ডিফু মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি পৌরসভার কার্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে ইন্দিরা গান্ধী জাতীয় বৃদ্ধ ভাতা , ইন্দিরা গান্ধী জাতীয় বিধবা ভাতা , ন্যাশনেল ফ্যামিলি বেনিফিট প্রকল্পের অধীনে শ্রীভূমি পৌর এলাকায় যারা সুবিধা প্রাপক রয়েছেন কিন্তু আধার সংযোগ করান নি , তাদের অতি শীঘ্র পৌরসভা কার্য্যলয়ে এসে আধার কার্ড জমা দেবার আহ্বান জানিয়েছেন ।